তারিখ ... 07 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# কালিহাতী কলেজের শিক্ষক ওয়াজেদ আলী বহিষ্কার

■ কালিহাতী (টাঙ্গাইল) সংবাদদাতা

টাঙ্গাইলের কালিহাতী কলেজে ছাত্রী হয়রানির অভিযোগে সমাজকল্যাণ বিভাগের সহকারী অধ্যাপক ওয়াজেদ আলী খানকে কলেজ কর্তৃপক্ষ গত সোমবার সাময়িকভাবে বহিষ্কার করেছে। কলেজ সূত্রে জানা যায়, এক হিন্দু ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে সাধারণ ছাত্র-ছাত্রীদের মিছিল-মিটিং ও আন্দোলনের মুখে কলেজের পরিচালনা পরিষদের সভায় অধ্যাপক ওয়াজেদ আলীকে বহিষ্কারের এ সিদ্ধান্ত নেওয়া হয়। এর আগে গত ১৮ আগষ্ট 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় এ বিষয়ে সংবাদ প্রকাশিত হয়। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার ও পরিচালনা পরিষদের সভাপতি আবু নাসেরউদ্দিন জানান, একজন অসৎ চরিত্রহীন ব্যক্তি কখনো শিক্ষক হতে পারে না। কলেজের অধ্যক্ষ আব্দুর রহিম বলেন, যেই পাপ করবে তার পাপের ফল সেই ভোগ করবে। সেজন্যই তাকে বহিষ্কার করা হয়েছে।